দৈনিক বাংলা

তারিখ 28 SEP 1991
পৃষ্ঠা ২ কলাম ২

22

# রাজশাহী বোর্ডে এসএসসি পরীক্ষায় পাসের হার ৬৪.৪৬

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফল গতকাল ঘোষণা করা হয়েছে। পরীক্ষায় অংশগ্রহণকারী মোট ১ লাখ ৩ হাজার ৯৩১ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬৬ হাজার ৯৯৯ জন। পাসের হার ৬৪ দশমিক ৪৬ ভাগ। গত মে মাসে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৭ হাজার ৮২১ জন, দ্বিতীয় বিভাগ ২৭ হাজার ৯৮২ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ৩১ হাজার ১৯৬ জন।

রাজশাহী বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় পাসের হারের দিক দিয়ে ছাত্রদের তুলনায় ছাত্রীরা ভাল করেছে বেশী। পরীক্ষায় অংশগ্রহণকারী

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ডে এসএসসি পরীক্ষায় পাসের

(প্রথম পৃঃ পর)

ছাত্রীর সংখ্যা ছিল ২৯ হাজার ১০৩ জন। এর মধ্যে পাস করেছে ২০ হাজার ৪৫৬ জন। ছাত্রীদের পাসের হার ৭০ দশমিক ২৮ শতাংশ। অপর দিকে পরীক্ষায় অবতীর্ণ ছাত্রের সংখ্যা ছিল ৭৪ হাজার ৮২৮ জন। এর মাঝে উত্তীর্ণ পরীক্ষার্থীদের সংখ্যা ৪৬ হাজার ৫৪৩ জন। ছাত্রদের পাসের হার ৬২ দশমিক ১৯ শতাংশ।

রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের ছাত্র আবদুল্লাহ-আল-মাহমুদ সাধারণ বিজ্ঞান শাখায় সম্মিলিত (পুরুষ ও মহিলা) মেধা তালিকায় শীর্ষস্থান অধিকার করেছে। ছয়টি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর হচ্ছে ৮৫৯। সমাজবিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে হারাদিঘী উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোঃ শাহজাহান আলী। তিনটি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৪৮।

এবার রাজশাহী বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ১২ হাজার ৪৩৬ জন। কিন্তু পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৩ হাজার ৯৩১ জন। সাধারণ বিজ্ঞান শাখায় পরীক্ষার্থী ছিল ৪১ হাজার ২১৮ জন। এর মধ্যে পাস করেছে ৩১ হাজার ৬৪১, এ শাখায় পাসের হার হচ্ছে শতকরা ৭৬ দশমিক ৭৬ ভাগ।

সমাজবিজ্ঞান শাখায় পরীক্ষায় অংশ নেয় ৬০ হাজার ১৪৬ জন। এর মধ্যে কৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৩৪ হাজার ৪৯৭ জন। পাসের হার ৫৭ দশমিক ৩৫ শতাংশ।

এছাড়া এবার প্রাইভেট (অনিয়মিত) পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করে ২ হাজার ৫৬৭ জন। পাস করেছে ৮৬১ জন। প্রাইভেট পরীক্ষার্থীদের পাসের হার হচ্ছে ৩৩ দশমিক ৫৪ শতাংশ।